

নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.০২৭.০৩.২২.৬৬

তারিখঃ

২৭ বৈশাখ ১৪৩০

১০ মে ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব দেবী সাখ্য, ইন্সট্রাক্টর (বাংলা), সাময়িক বরখাস্তকৃত (বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০, গ্রেড-৯, মূল বেতন- ৪১৫৫০), ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) পদে কর্মরত থাকাকালীন ২০২২ সনের এইচএসসি (বিএমটি) এর একাদশ শ্রেণির বাংলা-১ (কোড-২১৮১১) প্রশ্নপত্রের পান্ডুলিপিতে বেআইনী ও বিধিবিহীনভাবে নিজহাতে লাল কালিতে শিরোনাম ও কোড পরিবর্তন করে তা বিজি প্রেসে প্রেরণ করেন এবং বিষয় বহির্ভূত শিক্ষক দিয়ে প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন করা এবং প্রশ্নপত্রের কোড ও শিরোনাম পরিবর্তনের বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত না করে পান্ডুলিপি বিজি প্রেসে পাঠানোর কারণে প্রশ্নপত্র ছাপানো ভুল হওয়ায় ০৬ নভেম্বর, ২০২২ তারিখে দেশব্যাপী অনুষ্ঠেয় নির্ধারিত পরীক্ষা স্থগিত করা হয়; এবং

যেহেতু, তিনি বর্ণিত কার্যক্রম দ্বারা পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের মতো একটি স্পর্শকাতর ও গোপনীয় বিষয়ের গোপনীয়তা রক্ষায় চরম উদাসীনতা ও দায়িত্বে অবহেলার পরিচয় দিয়েছেন এবং এতে সরকারি অর্থের অপচয়সহ সারাদেশে হাজার হাজার শিক্ষার্থীর মধ্যে অস্থিরতা সৃষ্টিসহ তাদেরকে অনিশ্চয়তার দিকে ঠেলে দেয়ার মত কাজ করেছেন; এবং

যেহেতু, তাঁর এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ভুক্ত বিধায় তাঁর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর দায়ে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর দায়ে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭ নং স্মারকে অভিযোগনামা ও ০৮ নং স্মারকে অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাঁকে বর্ণিত বিধিমালার ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে কেন দস্ত প্রদান করা হবে না তার কারণ দর্শাতে বলা হয়; এবং

যেহেতু, তিনি ২৮ মার্চ, ২০২৩ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং তাঁর লিখিত বক্তব্যে অভিযোগসমূহ আংশিকভাবে স্বীকার করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারিগরি শিক্ষা অধিদপ্তরের তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের লিখিত বক্তব্যসহ পারিপার্শ্বিক অবস্থা ও আনুষঙ্গিক সমুদয় কাগজপত্র পর্যালোচনাতে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁকে "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা" নামীয় লঘুদস্ত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়,

সেহেতু, অভিযুক্ত জনাব দেবী সাখ্য, ইন্সট্রাক্টর (বাংলা), ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁকে "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা" নামীয় লঘুদস্ত প্রদান করা হল। দস্তের মেয়াদ শেষে তিনি স্থগিতকৃত বেতন ফেরত পাবেন না। অর্থাৎ ২০২৩-২৪, ২০২৪-২৫ সালে তাঁর বেতন বৃদ্ধি হবে না এবং ২০২৫-২৬ অর্থ বছরে মূল বেতন ৪৩৬৩০/- (তেতাল্লিশ হাজার ছয়শত ত্রিশ) টাকা হবে। একই সাথে তাঁর ১৯/০১/২০২৩ তারিখের বরখাস্তের আদেশটি প্রত্যাহার করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব

নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.০২৭.০৩.২২.৬৬

তারিখঃ ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা
২. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ
৮. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. অধ্যক্ষ,
১০. জনাব দেবী সাখ্য (সাময়িক বরখাস্তকৃত), ইন্সট্রাক্টর (বাংলা), ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ
১১. অতিরিক্ত সচিব (কারিগরি) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১২. অফিস কপি


(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০০৪২৫
ই-মেইল: sastech4@tmed.gov.bd